# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 26 May, 2025

জামালপুর সদর উপজেলার দিগপাইত এলাকায় দুবাই হসপিটালে অযত্নে ও অবহেলায় রিতু(২২) নামের এক প্রসুতির মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে।

আজ সকাল ৬ টায় হসপিটালে তিনি মারা যান। মৃত্যুর খবর পেয়ে পরিবার ও এলাকার লোকজন হাসপাতালটি তালাবদ্ধ করে দিয়েছে।পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে নিয়ে আসেন।

নিহত রিতুর বড় ভাই লাবলু মন্ডল জানিয়েছেন, প্রসব ব্যাথা শুরু  হলে গতকাল রোববার রিতুকে দিগপাইত দুবাই হসপিটালে নিয়ে যায়।বিকাল ৫ টায় তার সিজার করা হলে একটি মেয়ে বাচ্চা হয়।মা মেয়ে দুইজনই সুস্থ ছিলেন।হঠাৎ রাতে তার বোনের খিচুনি উঠে।এ সময় হসপিটালে কোন ডাক্তার নার্স ছিল না।এমনকি সে সময় কোন রোগীও ছিল।

সারারাত যন্ত্রনায় ছটফট করে আজ ভোর সকাল ৬ টায় তার মৃত্যু হয়।

তার মৃত্যুর পর হসপিটালের এক কর্মচারী এসে তার মৃত্যু নিশ্চিত করে পালিয়ে যায়।

তিনি বলেন, আমার বোনের লাশ হস্তান্তর করার জন্য হসপিটালের কেউ ছিল না।

এই ঘটনার পর এলাকার লোকজন হসপিটালটি তালাবদ্ধ করে দেয়।

খবর পেয়ে নারায়নপুর পুলিশ এসে পরিস্থিতি শান্ত করে।

লাবলু মন্ডল বলেন, আমরা এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নিবো।আমার বোনের একটা প্রথম বাচ্চা।তার দাবি রাতে কোন নার্স ডাক্তার না থাকায় অবহেলা অযত্নে আমার বোনের মৃত্যু হয়েছে।আমি এর সঠিক বিচার চাই।

নারায়নপুর পুলিশ তদন্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা আ স ম আতিকুল রহমান বলেন, ঘটনার খবর পেয়ে লাশ উদ্ধার করে বাড়িতে নিয়ে যাই।তার সুরতহাল রিপোর্ট তৈরি করছি।ময়না তদন্তের জন্য জামালপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করবো।

জামালপুরের সির্ভিল সার্জন ডাঃ মোঃ আজিজুল হক বলেন, খবরটি শুনে আমার কর্মকর্তাদের পাঠিয়েছিলাম।আমি হসপিটালটির কাগজপত্র খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করবো।

এ ব্যাপারে হসপিটাল কৃর্তপক্ষের সাথে যোগাযোগ করা হলে তারা মোবাইল ধরেননি।

মৃত্যু প্রসুতি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 06:51

URL: https://timestodaybd.com/mymensingh/2987775807